## ৪৭তম বিসিএস (লিখিত) পরীক্ষা

মহানন্দা

**বিষয় কোড : ০০৫**
**নির্ধারিত সময় : ৪ ঘণ্টা**
**পূর্ণমান : ২০০**

[ দ্রষ্টব্য : প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

১. ১৯৭১ সালের মার্চ-এপ্রিল মাসে বাংলাদেশের বিভিন্ন স্থানে দখলদার বাহিনীর বিরুদ্ধে গড়ে ওঠা প্রতিরোধ যুদ্ধের সংক্ষিপ্ত বিবরণ দিন। ২০

২. চিন্তা, বিবেক, বাকস্বাধীনতা ও সংবাদপত্রের স্বাধীনতা সম্পর্কিত বাংলাদেশের সাংবিধানিক বিধান ও এ সকল অধিকার অর্জনে বিগত ৫৪ বছরে নাগরিকদের অভিজ্ঞতা বিশ্লেষণ করুন। ২০

৩. বাংলাদেশের রাজনৈতিক সংস্কৃতির মূল বৈশিষ্ট্যসমূহ বিশ্লেষণ করুন। গণতান্ত্রিক রাজনৈতিক সংস্কৃতির আদর্শ থেকে বর্তমান রাজনৈতিক সংস্কৃতির বিচ্যুতিগুলো চিহ্নিত করুন এবং এ সকল বিচ্যুতি দূর করার জন্য আপনার সুপারিশ প্রস্তাব করুন। ২০

৪. ১৯৭০ এর দশকের বাংলাদেশ ও ২০২৫ এর বাংলাদেশে নারীর শ্রম-পরিচয়, নগরায়ণ, ভাষা, তথ্যপ্রযুক্তির ব্যবহার ইত্যাদি ক্ষেত্রে কীরূপ আর্থসামাজিক ও সাংস্কৃতিক পরিবর্তন লক্ষ্য করছেন? ২০

৫. জুলাই গণঅভ্যুত্থান পরবর্তী বাস্তবতায় বহির্বিশ্বের সঙ্গে সম্পর্ক রক্ষায় বাংলাদেশ কী কী চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে? এ সকল চ্যালেঞ্জ মোকাবেলায় কী ধরনের পদক্ষেপ নেয়া উচিত? ২০

৬. প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা (Ecologically Critical Area) বলতে কী বোঝায়? এরূপ প্রতিবেশগত এলাকা ঘোষণার তাৎপর্য কী? বাংলাদেশের প্রতিবেশগত সংকটাপন্ন এলাকাসমূহের বর্ণনা দিন। ২০

৭. বাংলাদেশকে অর্থনৈতিকভাবে সমৃদ্ধ এবং টেকসই উন্নত দেশ হিসেবে গড়ে তোলার জন্য প্রাকৃতিক সম্পদ, মানবসম্পদ ভৌগোলিক অবস্থান এবং বৈশ্বিক অর্থনৈতিক প্রবণতা বিবেচনায় কোন কোন খাতকে অগ্রাধিকার দেয়া প্রয়োজন? বিশ্লেষণ করুণ। ২০

৮. বাংলাদেশের বিদ্যমান শিক্ষা ব্যবস্থায় বাস্তবমুখী পাঠ্যক্রম, পাঠদান, শিক্ষক-প্রশিক্ষণ ও প্রযুক্তির ব্যবহার শিক্ষার্থীদের দক্ষতা ও দেশের আর্থসামাজিক উন্নয়েন কী ধরনের ইতিবাচক পরিবর্তন আনতে পারে? বর্ণনা করুন। ২০

৯. ভৌগোলিক নিয়ন্ত্রণবাদ কী? বাংলাদেশের সংস্কৃতির ওপর ভৌগোলিক উপাদানসমূহের প্রভাব মূল্যায়ন করুন। ২০

১০. বাংলাদেশের প্রাচীন ও মধ্যযুগের বস্ত্রশিল্পের পরিচয় দিন। বাংলাদেশের আধুনিক বস্ত্রখাত বর্তমানে কী ধরনের চ্যালেঞ্জের সম্মুখীন? ২০